



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং-

তারিখ:

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

প্রাপক : জনাব মো: আব্দুল বাহেদ
সভাপতি,

ম্যানেজিং কমিটি, হিন্দা উচ্চ বিদ্যালয়
ডাক: হিন্দা, উপজেলা: ক্ষেতলাল, জেলা: জয়পুরহাট।

বিষয় : বিদ্যালয়ের কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-১/৮(১৩)/২০১৮ তারিখ: ২৩/০২/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে দায়েরকৃত Civil Miscellaneous পিটিশন নং-১০৮/২০১৮ এর ৩০/০১/২০১৮ তারিখের আদেশে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নং-১৭৯/২০১৮ এর ১১/০১/২০১৮ তারিখের আদেশ ০৪ (চার) সপ্তাহের জন্য স্থগিত করা হয়েছিল। কিন্তু এ বিষয়ে Regular Leave to appeal দায়ের হওয়ায় এবং অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী দায়েরকৃত আপীল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জনাব মো: আব্দুল বাহেদ চলমান ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করবেন। তবে মাননীয় আদালত ভিন্নতর কোন আদেশ দিলে তা অগ্রাধিকার ভিত্তিতে পালন করা হবে।

স্বাক্ষর:

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

তারিখ:

৬/জিসি/২৬/৬৬৬

স্মারক নং-

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল:-

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ৩। জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।
- ৪। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং-.....

৬/৬৫/২৬/৬৫৫

তারিখ: ৫.৪.২৫.....

প্রেরক: বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক: জনাব মো: নজাবর রহমান

প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত)

হিন্দা উচ্চ বিদ্যালয়

ডাক: হিন্দা, উপজেলা: ক্ষেতলাল, জেলা: জয়পুরহাট।

বিষয়: প্রধান শিক্ষকের সাময়িক বরখাস্ত করণ ও শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতা বিলে স্বাক্ষরের দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

সূত্র: প্রধান শিক্ষকের স্মারক নং- হি: উ: বি: ১০২/২০১৮ ও হি:উ:বি: ১০৩/২০১৮ তারিখ: ০৬/০৩/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করণ এবং বরখাস্তকালীন সময়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে মোছা: সুলতানা রাজিয়াকে দায়িত্ব অর্পন এবং শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতা বিলে স্বাক্ষরের দায়িত্ব অর্পন এবং মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন এবং মহামান্য সুপ্রীমকোর্টে দায়েরকৃত আপীল সংক্রান্ত বিষয়ে মতামত প্রদানের জন্য নথিটি এই বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়। আইন উপদেষ্টা মতামত দিয়েছেন যে, জনাব মো: আব্দুল গফুর মন্ডল কর্তৃক মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নং ১৭৯/২০১৮ এর ১১/০১/২০১৮ইং তারিখের আদেশে জনাব মো: আব্দুল বাছেদকে ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়ন সংক্রান্ত বোর্ড কর্তৃক ইস্যুকৃত স্মারক নং-৩/এস/১৩/৩০৫ তারিখ: ১৮/১২/২০১৭ পত্র ০৩ (তিন) মাসের জন্য স্থগিত করা হয়েছে। উক্ত স্থগিতাদেশের বিরুদ্ধে জনাব মো: আব্দুল বাছেদ মহামান্য সুপ্রীমকোর্টে ১০৮/২০১৮ নম্বর আপীল দায়ের করলে মহামান্য সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগের উক্ত আদেশ ০৪ (চার) সপ্তাহের জন্য স্থগিত করেন। পরবর্তীতে জনাব মো: আব্দুল বাছেদ Regular Leave to appeal দায়ের করায় মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি সভাপতির দায়িত্ব পালন করবেন মর্মে অত্র বোর্ডের আইন উপদেষ্টা মতামত দিয়েছেন। তবে হাইকোর্টের নিষেধাজ্ঞা সত্ত্বেও সভাপতির পদ স্থগিত থাকা অবস্থায় জনাব মো: আব্দুল বাছেদ আপনাকে সাময়িক বরখাস্ত করে থাকলে এবং আপনি যদি মনে করেন এই সাময়িক বরখাস্ত আইনসম্মত হয়নি তাহলে প্রয়োজনে আপনি বিষয়টি মাননীয় আদালতের গোচরীভূত করতে পারেন। পরবর্তীতে মাননীয় আদালত বোর্ডকে কোন নির্দেশনা দিলে তা অগ্রাধিকার ভিত্তিতে পালন করা হবে।

০৫/

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)